

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Upazilla Office)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য উপজেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে শরীয়তপুর সদর উপজেলায় উৎপাদনমুখী ও সেবামুখী সমবায় গঠন করা হয়েছে। নিরীক্ষাযোগ্য সমবায় সমিতির ১০০% নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে, নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করা হয়েছে এবং সরকারি কোষাগারে/নিবন্ধকের তহবিলে জমা প্রদান করা হয়েছে। এ ছাড়া সমবায়ীদের দক্ষতা উন্নয়নে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা এবং সমবায়ীদেরকে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট ফরিদপুরে আইজিএ প্রশিক্ষনসহ ব্যবস্থাপনা প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ ও আর্থ সামাজিক উন্নয়ন প্রকল্পভূক্ত সমিতিতে নিয়মিত ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আশ্রয়ণ ফেউজ-২ প্রকল্পভূক্ত সমিতির সদস্যদের অনুকূলে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সফলভাবে পরিচালনা করা হচ্ছে। নিবন্ধনযোগ্য আশ্রয়ণ -২ প্রকল্প সমূহে সমিতি নিবন্ধন কার্যক্রম দ্রুততার সহিত সম্পন্ন করা হচ্ছে। ইতি মধ্যে ০৩(তিন)টি সমিতির নিবন্ধন করা হয়েছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

একটি উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে উপজেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর চ্যালেঞ্জ বহুবিধ। শরীয়তপুর সদর উপজেলায় নিবন্ধিত কেন্দ্রীয় সমবায় সমিতি ০৩ টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতি ৮৯ টি, প্রাথমিক সিআজি সমবায় সমিতি ৯৩ টি I পউবভূক্ত সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি ২৮টিসহ মোট সমবায় সমিতির সংখ্যা ১১৩ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে নিবন্ধিত উপজেলাধীন সমবায় সমিতি সমূহকে নিয়মিত নিরীক্ষা করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু উপজেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর কার্যক্রমে গতিশীলতা আনতে অধিকতর প্রকল্প ভিত্তিক কার্যক্রম গ্রহণ করা হলেও জনবলের ঘাটতি, আধুনিক প্রযুক্তির অভাব ও অপ্রতুল উন্নয়ন বরাদ্দ উপজেলা সমবায় কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুরকে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করতে ব্যর্থ হচ্ছে। তাছাড়া যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থা ভাল না হওয়ায় সমিতির সদস্যগণের উৎপাদিত পণ্য সামগ্রী ঢাকাসহ বিভাগীয় শহরগুলোতে বাজারজাত করণে সমস্যা হচ্ছে।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

শরীয়তপুর সদর উপজেলাধীন সমবায়ের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্র্যান্ডিং, বাজারজাত করণের জন্য প্রকল্প বাস্তবায়ন। এছাড়া দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে দারিদ্র হ্রাস করণ প্রকল্পের আওতায় শরীয়তপুর সদর উপজেলাকে দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে তোলার কার্যক্রম এগিয়ে নেয়া। দুগ্ধ সংরক্ষনের জন্য হিমাগারের ব্যবস্থা করা, দুগ্ধ জাত পন্য উৎপাদন ও বাজারজাত করণের ব্যবস্থা করা, সমবায়ের মাধ্যমে মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, ব্লক-বাটিক পন্য উৎপাদন ও বাজারজাত করণ, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করা।

#### ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- \* ০১ টি উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হবে; \* বরাদ্দ অনুযায়ী সমবায়ীকে চাহিদা ভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে; \* ২৬০ জন সমবায়ীর আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা হবে। \* কার্যকর সমবায় সমিতির বার্ষিক কার্যক্রম নিয়মিত নিরীক্ষা সম্পাদন করা হবে; \* অকার্যকর সমবায় সমিতিকো কার্যকর করার প্রদক্ষেপ গ্রহণ করা হবে অথবা নিবন্ধন বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে।